# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩৫৭

১১. কিতাবুয যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ কোন ব্যক্তি কোন বৃক্ষ রোপন করলে, যদি তার ফল থেকে কোন কিছু খেয়ে নেয়, তবে মহান আল্লাহ অনুগ্রহ করে এর বদৌলতে সাদাকার সাওয়াব লিখে দেন

ذِكْرُ تَفَضُّلِ اللَّهِ جَلَّ وَعَلَا عَلَى الْغَارِسِ الغراس بكتبه الصدقة عند أكل شَيْءٍ مِنْ ثَمَرَتِهِ

আরবী

3357 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ قُتَيْبَةَ حَدَّثَنَا يَزِيدُ بْنُ خَالِدِ بْنُ مَوْهَبٍ حَدَّثَنَا اللَّيْثُ بْنُ سَعْدٍ عَنْ أَبِي الزُّبَيْرِ: عَنْ جَابِرٍ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَنَّهُ دَخَلَ عَلَى أُمِّ مُبَشِّرٍ الْأَنْصَارِيَّةِ فِي نَخْلٍ لَهَا فَقَالَ لَهَا النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَنْ غَرَسَ هَذَا النَّخْلَ؟ أَمُسْلِمٌ أُمْ كَافِرٌ؟ فَقَالَتْ: بَلْ مُسْلِمٌ فَقَالَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لَا يَغْرِسُ الْمُسْلِمُ غَرْسًا وَلَا يَزْرَعُ زَرْعًا فَيَأْكُلُ مِنْهُ إِنْسَانٌ وَلَا دَابَّةٌ وَلَا شَيْءٌ إِلَّا كَانَتْ لَهُ صَدَقَةٌ)

الراوي : جَابِر بْن عَبْدِ اللَّهِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3357 | خلاصة حكم المحدث: صحيح: م.

বাংলা

৩৩৫৭. জাবির রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “একবার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম উম্মু মুবাশশির আল আনসারিয়ার একটি খেজুর বাগানে প্রবেশ করেন। অতঃপর তিনি বলেন, “এই খেজুর গাছগুলো কে রোপন করেছে, কোন মুসলিম ব্যক্তি নাকি কাফির ব্যক্তি?” তিনি জবাবে বলেন, “বরং মুসলিম ব্যক্তি।” তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “কোন মুসলিম ব্যক্তি যদি কোন বৃক্ষ রোপন করলে অথবা কোন শষ্য রোপন করে, অতঃপর সেখান থেকে মানুষ, চতুষ্পদ প্রাণী অথবা অন্য কোন কিছু সেখান থেকে কিছু ফল-ফসল খেয়ে নেয়, তবে সেটা তার জন্য সাদাকাহ হিসেবে গণ্য হবে।”[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ১৫৫২; সুনান বাইহাকী: ৬/১৩৮; হুমাইদী: ১২৭৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ৩৩৫৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92690

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন